(৫০০৮০)
তারবার্তা
বাংলাব্যাংক
দূরালাপনী ঃ ৭১২৬১০১-২০

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
ডাকবাক্স নং ৩২৫
ঢাকা ।

অফ-সাইট সুপারভিশন ডিপার্টমেন্ট
(বিশেষ সমীক্ষা শাখা)

১৭ জ্যৈষ্ঠ, ১৪১০
তারিখ ঃ ------------
৩০ এপ্রিল, ২০০৩

সুত্র ঃ ওএস সার্কুলার লেটার নং-০৯

**প্রধান নির্বাহী**
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী ।

প্রিয় মহোদয়,

সরকারী প্রতিষ্ঠান/স্বায়ত্বশাসিত ও আধা-স্বায়ত্বশাসিত সংস্থা/প্রধান প্রধান অনার্থিক ও অন্যান্য অনার্থিক পাবলিক এন্টার প্রাইজেস এবং তাদের নিয়ন্ত্রিত ইউনিটসমূহ/ স্থানীয় কর্তৃপক্ষ/অন্যান্য আর্থিক পাবলিক প্রতিষ্ঠান(ডিপোজিট মানি ব্যাংক ব্যতীত) সমূহকে প্রদত্ত ঋণের বিবরণী দাখিল প্রসংগে ।

উপরোক্ত বিষয়ে অত্র বিভাগের ০১/০১/২০০৩ তারিখের ডিবিওডি সার্কুলার নং-০১ এর সাথে সংযুক্ত বিবরণী নং ডিবি-৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

ডিবি-৩ এর মাধ্যমে দাখিলকৃত বিবরণী থেকে লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ব্যাংক বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানকে প্রদত্ত ঋণ ও অগ্রিমের তথ্যাদি প্রদর্শন করছে না ; বা এ বিষয়ে কিছু বিভ্রান্তি রয়েছে ।

উপরোক্ত বিভ্রান্তি দূরীকরণের লক্ষ্যে এই মর্মে নির্দেশ দেয়া যাচ্ছে যে, ব্যাংক সমূহ আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩ এর অধীনে বাংলাদেশ ব্যাংক থেকে লাইসেন্স প্রাপ্ত সকল নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান (এনবিএফআই)কে প্রদত্ত ঋণের তথ্যাবলীও ডিবি-৩ বিবরণীর অন্তর্ভূক্ত করবে ।

অনুগ্রহ পূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মিজানুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক
ফোন-৭১২০৩৫৯